

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.২০৯

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯

১৩ জুন ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-৫৫৭৫/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলাধীন “দেবহাটা বি.বি.এম.পি ইনস্টিটিউশন”-টি জাতীয়করণের নিমিত্তে গঠিত তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অন্যায়, অবৈধ এবং বে-আইনীভাবে সহকারী শিক্ষক (প্যারা শিক্ষক) হিসাবে সুলেখা রাণী মন্ডল এর নাম বাদ দেওয়ার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া, নাম অর্ন্তভুক্তি করণ এর ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকা বরাবর ১৫.০৩.২০২২ তারিখে আবেদন করেন।

জনাব সুলেখা রাণী মন্ডল এর আবেদন পত্রটি প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করা সংস্কৃদ্ধ হয়ে তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৫৭৫/২০২২ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ গত ১২.০৪.২০২২ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন;

“The respondent No. 4 is directed to dispose of the representation of the petitioner dated 15.03.2022 (Annexure-D and E) within 02 (two) months from the date of receipt of a copy of this order, in accordance with law.”

বর্ণিতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-৫৫৭৫/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ১৫.০৩.২০২২ তারিখের আবেদনটি(Annexure-D and E) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত ব্যবস্থার সর্বশেষ তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩-৬-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: info@moedu.gov.bd

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.২০৯/১(৪)

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯

১৩ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৩-৬-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব